

NYC পাবলিক স্কুলগুলোতে কী কী ঘটছে

[عرض هذه الوثيقة باللغة العربية](#) | [এই নথি বা ডকুমেন্টটি বাংলায় দেখুন](#) | [查看本文件的中文版](#) |

[Consultez ce document en français](#) | [Gade dokiman sa a an kreyòl ayisyen](#) |

[이 문서를 한국어로 보기](#) | [Consulte este documento en español](#) |

[Перевод документа на русский язык](#) | [به دستاویز اردو میں ملاحظہ کریں](#) |

schools.nyc.gov/messagesforfamilies

26 জুন, 2023-এর সপ্তাহ

নতুন কিছু তথ্য সহ, পরিবারদের জন্য এই সর্বসাম্প্রতিক তথ্য আসন্ন শিক্ষা বছর বিষয়ে NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (DOE) ক্যালেন্ডার সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করে। অতিরিক্তভাবে, আমরা উল্লেখিত দুই শিক্ষা বছরের জন্য অনুমোদিত ক্যালেন্ডার শেয়ার করছি: 2024-25 এবং 2025-26।

2023-24 শিক্ষা বছরের ক্যালেন্ডার

শিক্ষার্থীদের জন্য 2023-24 শিক্ষা বছর শুরু হবে 7 সেপ্টেম্বর, 2023 তারিখ থেকে। আপনি বিভিন্ন ভাষায় 2023-24 শিক্ষা বছরের পূর্ণ ক্যালেন্ডারের প্রিন্টযোগ্য ফাইলসমূহ schools.nyc.gov/calendar -এ দেখতে এবং ডাউনলোড করতে পারেন। আসন্ন শিক্ষা বছরের কিছু গুরুত্বপূর্ণ তথ্য এখানে দেয়া হলো:

- গুরুতর আবহাওয়া অথবা অন্যান্য জরুরি পরিস্থিতিতে যে দিনগুলোতে স্কুল ভবনগুলো বন্ধ থাকে, সেই দিনগুলোতে সকল শিক্ষার্থী ও পরিবারদের দূর থেকে শিক্ষায় (রিমোট লার্নিং) অংশগ্রহণের জন্য পরিকল্পনা থাকা উচিত।
- নিউ ইয়র্ক স্টেট আইনের অধীনে, যেসব সরকারি ছুটির দিন (আইনি অথবা ফেডারেল হলিডে হিসেবেও বলা হয়) শনিবারে পড়ে সেগুলি সপ্তাহের কর্ম দিবসে উদযাপিত হয় না, তবে যখন ঐ ছুটির দিনটি রবিবারে পড়ে, সেক্ষেত্রে সোমবার বন্ধ থাকবে। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর নীতি অনুযায়ী, যখন বেসরকারি ছুটির দিন সপ্তাহান্তে পরে, তখন ঐ ছুটির দিনের তাৎক্ষণিক আগের ও পরের দিন স্কুলগুলি খোলা থাকে।

উল্লেখিত বেসরকারি (নন-পাবলিক) ছুটিগুলো নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্ উদযাপন করে: রশ হাশানা, ইয়ম কিপুর, নির্বাচন দিবস (ইলেকশন ডে), দিওয়ালি, থ্যাংকস্‌গিভিংয়ের পরের দিন, ক্রিসমাস ইভ (আগের দিন), নিউ ইয়ার্স ইভ (আগের দিন), চন্দ্র নববর্ষ (লুনার নিউ ইয়ার), গুড ফ্রাইডে, স্ট্র উল ফিতর, পাসওভার (প্রথম দুই দিন), এবং স্ট্র উল আজহা।

এই বছর, নিম্নোক্ত ছুটির দিনগুলির তাৎক্ষণিক আগের অথবা পরের কর্মদিবসে স্কুলগুলো খোলা থাকবে, যেগুলো 2023-24 শিক্ষা বছরে চলাকালে সপ্তাহান্তে পরেছে:

- রশ হাশানা (শনিবার-রবিবার, 16-17 সেপ্টেম্বর)
- ভেটেরাস ডে (শনিবার, 11 নভেম্বর)
- দিওয়ালি (রবিবার, 12 নভেম্বর)
- লুনার নিউ ইয়ার (চন্দ্র নববর্ষ) (শনিবার, 10 ফেব্রুয়ারি)

এই বছরের স্কুল ক্যালেন্ডার সম্পর্কে আপনার কোনো প্রশ্ন থাকলে অনুগ্রহ করে আপনার স্কুলের সাথে যোগাযোগ করুন।

আমাদের পরিবার এবং স্কুল কমিউনিটিদের ভবিষ্যৎ পরিকল্পনায় সহায়তা করার লক্ষ্যে, আমরা আনন্দের সাথে অতিরিক্ত দুই শিক্ষা বছরের অনুমোদিত ক্যালেন্ডার শেয়ার করছি: 2024-25 এবং 2025-26 শিক্ষা বছর।